দৈনিক ইত্তেফাক

তারিখ 24 JAN 2017 পৃষ্ঠা ৫ কলাম ৩

# কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের ক্লাস ও পরীক্ষা বর্জন চলছে

## ২ দিনে ১০টি চূড়ান্ত পরীক্ষা স্থগিত

■ কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের ছয় দফা দাবিতে সোমবার দ্বিতীয় দিনের মতো ক্লাস ও পরীক্ষা বর্জন অব্যাহত ছিল। শিক্ষক আন্দোলনের দুইদিনে মোট ১০টি চূড়ান্ত পরীক্ষা স্থগিত করা হয়েছে। শিক্ষকদের ক্লাসে ফেরার দাবিতে সোমবারও বিক্ষোভ করেছেন সাধারণ শিক্ষার্থীরা।

১৭ জানুয়ারি রাতে দুই শিক্ষকের বাসায় পরিকল্পিত হামলার রহস্য দ্রুত উদঘাটন করে দোষীদের গ্রেফতার ও বিচারের আওতায় আনা, শিক্ষক লাঞ্ছনায় অভিযুক্ত ডিন এমএম শরীফুল করীমকে তদন্ত চলাকালীন সময়ে সকল পদ থেকে অব্যাহতি দেওয়া, শিক্ষক-লাঞ্ছনায় গঠিত তদন্ত কমিটিতে শিক্ষক সমিতির সভাপতিকে অন্তর্ভুক্তি, বিভিন্ন ঘটনায় বিতর্কিত নবনিযুক্ত প্রক্টর ড. কাজী মোহাম্মদ কামাল উদ্দিনকে সকল প্রশাসনিক পদ থেকে অব্যাহতি, উপাচার্যের উপস্থিতিতে শিক্ষক সমিতি ও বঙ্গবন্ধু পরিষদের শিক্ষকদের উপর হামলাকারী অধ্যাপক ড. সৈয়দুর রহমানকে আইকিউএসি থেকে অপসারণ ও ঘটনার বিচার এবং ১ আগস্ট ঘটে যাওয়া খালেদ সাইফুল্লাহ হত্যাকাণ্ডের বিচার—এ ৬ দফা দাবিতে আন্দোলন করছেন শিক্ষকরা।

ক্লাস ও পরীক্ষা বর্জনের দ্বিতীয় দিনে বিশ্ববিদ্যালয়ের ১৯ বিভাগে কোনো ক্লাস অনুষ্ঠিত হয়নি। সোমবার বিভিন্ন বিভাগে সেমিস্টারের চারটি চূড়ান্ত পরীক্ষা স্থগিত করা হয়েছে। প্রথমদিন রবিবার ৫টি বিভাগের মোট ৬টি চূড়ান্ত পরীক্ষা স্থগিত করা হয়। শিক্ষকদের ক্লাসে ফেরার দাবিতে সোমবারও ক্যাম্পাসের কাঁঠালতলা ও মূল ফটকে বিক্ষোভ করেন 'সাধারণ শিক্ষার্থী'র ব্যানারে শতাধিক শিক্ষার্থী।